# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**10-05-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবর –

১) আইনশৃঙ্খলা, উন্নয়ন সহ রাজ্যের সার্বিক পরিস্থিতি নিয়ে নবনির্বাচিত মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল নবান্নে বৈঠকে বসবেন।

২) পশ্চিমবঙ্গে সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচন পর্বে কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক অবসরপ্রাপ্ত আই এস আধিকারিক ডক্টর সুব্রত গুপ্ত মুখ্যমন্ত্রীর উপদেষ্টা পদে নিযুক্ত।

প্রশাসনিক স্তরেও বড়সড় রদবদল হয়েছে।

৩) বিধানসভায় বিরোধী দলনেতা হচ্ছেন তৃণমূল কংগ্রেসের বালিগঞ্জের বর্ষিয়ান বিধায়ক শোভন দেব চট্টোপাধ্যায়।

৪) আই এস এল ফুটবলে মোহনবাগন ও এফ সি গোয়ার মধ্যে খেলা এক এক গোলে অমীমাংশিত।

৫) অনুকূল বায়ু প্রবাহ ও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আজও রাজ্যের একাধিক জেলায় ঝড়-বৃষ্টির পূর্বাভাষ।

oooooooooooooooooooooo

আইনশৃঙ্খলা, উন্নয়ন সহ রাজ্যের সার্বিক পরিস্থিতি নিয়ে নবনির্বাচিত মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল বৈঠকে বসতে চলেছেন। দুপুর বারোটায় নবান্ন সংলগ্ন সভাঘরে সব দপ্তরের সচিবদের সঙ্গে তার বৈঠকের কথা। এরপরে তিনি সব জেলার জেলা

শাসকদের সঙ্গে বৈঠক করবেন। পরে মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, পুলিশের মহানির্দেশক, কমিশনার ও জেলা পুলিশ সুপারদের সঙ্গেও তার বৈঠকের কথা। নির্বাচনের জন্য গত দু মাস স্থগিত থাকা বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি ও বিভিন্ন প্রকল্পের কাজ দ্রুত শুরু করা নিয়েও তিনি বৈঠকে সচিব, আমলাদের নির্দেশ দেবেন বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উল্লেখ্য, নবম মুখ্যমন্ত্রী হিসেবে গতকাল শপথ নিয়েছেন শুভেন্দু অধিকারী। এরাজ্যে প্রথম বিজেপি সরকারের প্রথম মুখ্যমন্ত্রী তিনি।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ এবং বহু বিশিষ্ট ব্যক্তির উজ্জ্বল উপস্থিতিতে গতকাল কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে শপথগ্রহণ করেছেন তিনি। রাজ্যপাল আর এন রবি তাঁকে পদ ও মন্ত্রগুপ্তির শপথবাক্য পাঠ করান।

গতকালই মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন আরও পাঁচ বিজেপি বিধায়ক। এরা হলেন খড়্গপুর সদরের দিলীপ ঘোষ, বাঁকুড়ার রানিবাঁধের ক্ষুদিরাম টুডু, বনগাঁ উত্তরের বিধায়ক অশোক কীর্তনীয়া, কোচবিহারের মাথাভাঙা থেকে জয়ী নিশীথ প্রামাণিক এবং আসানসোল দক্ষিণ কেন্দ্রের অগ্নিমিত্রা পাল।

শপথগ্রহণের পর শুভেন্দু অধিকারী গতকাল দিনভর নানা কর্মসূচীতে অংশ নেন। ময়দানে পূর্ত দফতরের টেন্টে রাজ্য প্রশাসনের শীর্ষ কর্তা ব্যক্তিদের সঙ্গে বৈঠক করেন তিনি। রাইটার্স বিল্ডিং-এর কাজের অগ্রগতি নিয়েও তিনি খোঁজখবর নেন।

এরপর জোড়াসাঁকো ঠাকুর বাড়িতে গিয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান তিনি। দক্ষিণ কলকাতার শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের বাসভবনে শ্রদ্ধা নিবেদন করেন । সাংবাদিকদের কাছে তিনি বলেন, রাজ্যের প্রতিষ্ঠা দিবস হিসাবে বিশে জুন দিনটি পালন করা হয় সে ব্যাপারে তিনি বিধানসভায় উদ্যোগী হবেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

বালিগঞ্জে ভারত সেবাশ্রম সংঘ পরিদর্শন করেন তিনি। স্বামী প্রণবানন্দ মহারাজের প্রতি তিনি শ্রদ্ধা নিবেদন করেন। বিকেলে কালীঘাট মন্দিরে পুজো দেওয়ার পাশাপাশি ভবানীপুর বিধানসভায় গিয়ে জনসংযোগ করেন নতুন মুখ্যমন্ত্রী।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে নতুন বিজেপি সরকার ও নবনির্বাচিত মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী কে অভিনন্দন জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। রাজ্যে নব গঠিত সরকার ও নতুন মন্ত্রিসভা জন কল্যাণে কাজ করবে বলে আশা প্রকাশ করেন তিনি। একই সঙ্গে শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথ খুনের ঘটনায় পূর্ণাঙ্গ তদন্তের দরকার বলে শুভঙ্কর বাবু মন্তব্য করেছেন।

জোড়াসাঁকো ঠাকুর বাড়িতে গতকাল বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু আশা প্রকাশ করেন, বিজেপি যে সংকল্পের প্রতিশ্রুতি নির্বাচনের আগে দিয়েছিল, তা নতুন সরকার পূরণ করবে।

(বাইট – বিমান বসু)

একই সঙ্গে রাজ্যের নতুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে শুভেচ্ছা জানিয়েছেন, Nakhoda Masjid-এর ট্রাস্টি বোর্ড। এক চিঠিতে ট্রাস্টি নাসের ইব্রাহিম, নতুন সরকারের সাফল্য কামনা করে শিক্ষা, স্বাস্থ্য ও বাণিজ্য ক্ষেত্রে সব সমস্যার সমাধানে উদ্যোগ নেওয়ার আশা প্রকাশ করেন।

oooooooooooooooooooooo

রাজ্যে এস আই আর ও সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচন পর্বে কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক অবসরপ্রাপ্ত আইএএস আধিকারিক ডঃ সুব্রত গুপ্তকে গতকাল মুখ্যমন্ত্রীর উপদেষ্টা পদে নিয়োগ করা হয়েছে। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দফতরের জারি করা এক বিজ্ঞপ্তিতে এই ঘোষণা করা হয়।

বিধানসভা নির্বাচনে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা এবং প্রশাসনিক সমন্বয়ের ক্ষেত্রে শ্রী গুপ্ত গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন। ভোটপর্বে বড় ধরনের সংঘর্ষ বা অশান্তি

এড়িয়ে নির্বাচন পরিচালনায় তাঁর অভিজ্ঞতা ও প্রশাসনিক দক্ষতা বিশেষ ভাবে নজর কেড়েছিল । সেই অভিজ্ঞতার উপর ভরসা রেখেই নতুন সরকার তাঁকে গুরুত্বপূর্ণ দায়িত্ব দিল বলে প্রশাসনিক মহলের অভিমত।

অন্যদিকে দক্ষিণ ২৪ পরগনার অতিরিক্ত জেলাশাসক শান্তনু বালাকে মুখ্যমন্ত্রীর প্রাইভেট সেক্রেটারি বা ব্যক্তিগত সচিব হিসেবে নিয়োগ করেছে রাজ্য সরকার।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে নতুন সরকার গঠন হওয়ার পরেই প্রশাসনিক স্তরে বড়সড় রদবদল হয়েছে। পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশনের আহ্বায়ক প্রতাপ নায়েককে দার্জিলিং জেলায় বদলি করা হয়েছে। আজ কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তর থেকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী তাঁকে দার্জিলিং এর বিজনবাড়িতে, পাল বাজার বিডিও অফিসে পাঠানো হয়েছে। তিনি স্বরাষ্ট্র দপ্তরের অধীনে মুখ্যমন্ত্রী সচিবালয়ে কর্মরত ছিলেন। পাশাপাশি তৃণমূল কংগ্রেস সরকারের আমলে মুখ্যমন্ত্রীর সচিবালয়ে কর্মরত ১৬ জন আধিকারিককে অবিলম্বে কর্মী বর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তরে যোগ দিতে বলা হয়েছে। পূর্বতন সরকারের মন্ত্রীদের একান্ত সচিব পদে থাকা ৪৬ জন WBCS আধিকারিককেও কর্মী বর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তরে যোগ দিতে বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভায় বিরোধী দলনেতা হচ্ছেন শোভনদেব চট্টোপাধ্যায়। তৃণমূল কংগ্রেসর তরফে একথা জানানো হয়েছে। বিধানসভায় ৮০ সদস্যের বিরোধী দলে উপনেতা নির্বাচিত হয়েছেন দুই বিধায়ক অসীমা পাত্র ও নয়না বন্দ্যোপাধ্যায়। ফিরহাদ হাকিম পরিষদীয় দলের সচেতক হিসাবে দায়িত্ব পেয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস প্রধান মমতা ব্যানার্জী বিজেপিকে রুখতে বিরোধী সব রাজনৈতিক দলের কাছে জোট বাঁধার আবেদন জানিয়েছেন। গতকাল কালীঘাটে তাঁর

বাসভবনে আয়োজিত রবীন্দ্র স্মরন অনুষ্ঠানে বলেন বামফ্রন্ট সহ অন্যান্য বামপন্থী দলও এই জোটে অংশ নিতে পারে। যারা দল ছেড়ে বেরিয়ে যেতে চান তাদেরও সেই অনুমতি দেওয়া হবে ।

এদিকে, বিজেপির বিরুদ্ধে বামপন্থীদের সঙ্গে নিয়ে লড়াই করার ডাক দেওয়ায় সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী, রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিশ্বাস যোগ্যতা নিয়ে প্রশ্ন তুলেছেন। তিনি বলেন, বিজেপি-র বিরুদ্ধে মানুষকে সঙ্গে নিয়েই বামপন্থীরা মোকাবিলা করবে।

oooooooooooooooooooooo

রাজ্যে বিজেপি সরকার গঠিত হবার দিনেই গতকাল বিভিন্ন জেলা থেকে অস্ত্র উদ্ধারের খবর পাওয়া গেছে।

**মুর্শিদাবাদের** বহরমপুরে সৈয়দাবাদ গীর্জাপাড়ায় টাউন তৃণমূল কংগ্রেসের সভাপতি পাপাই ঘোষের ঘনিষ্ঠ অসীম সরকার নামে এক ব্যক্তির বাড়িতে তল্লাশি চালিয়ে পুলিশ ১৪০ রাউন্ড গুলি, তিনটি অত্যাধুনিক পিস্তল ও ম্যাগাজিন বাজেয়াপ্ত করে। গ্রেপ্তার করা হয়েছে অসীম সরকারের স্ত্রীকে । ধৃত মহিলা জানিয়েছেন, পাপাই ঘোষের নির্দেশেই অস্ত্র মজুত করা হয়েছিল।

অন্যদিকে, **হুগলীর** শ্রীরামপুরে পাঁচ নম্বর কলোনীর মল্লিক পাড়ায় সুমন নাথ নামে এক কুখ্যাত অপরাধীকে পুলিশ শ্রীরামপুর জলকলের মাঠ থেকে গ্রেপ্তার করেছে। তার কাছ থেকে একটি দেশী একনলা পাইপগান ও এক রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে। সুমন নাথের স্বাস্থ্য পরীক্ষার পর আদালতে তোলা হবে।

oooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস ও বিজেপির মধ্যে সংঘর্ষে গতসন্ধ্যায় হুগলির তারকেশ্বরে উত্তেজনা ছড়ায়। সংঘর্ষ থামাতে গিয়ে গুরুতর আহত হয়েছেন তারকেশ্বর থানার ওসি সুব্রত সাধু। স্থানীয় একটি নার্সিংহোমে তাঁকে ভর্তি করা হয়েছে। আহত বেশ কয়েকজন পুলিশ কর্মীও। জানা গেছে, গতসন্ধ্যায় তারকেশ্বর পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডের

বিপিআর এলাকায়, তৃণমূল ও বিজেপির সমর্থকদের মধ্যে সংঘর্ষ বাধে। এই ঘটনায় পাঁচ বিজেপি কর্মীকে আটক করে পুলিশ। এরপরই থানার সামনে বিক্ষোভ দেখান বিজেপি কর্মী সমর্থকরা। ঘটনায় জড়িত তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকদের গ্রেফতার এর দাবি জানানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২১ সালে বিধানসভা নির্বাচনে ভোট পরবর্তী হিংসার শিকার, **মালদার** হরিশ্চন্দ্রপুরে বিজেপির বুথ সভাপতি কালাচাঁদ দাস ও তাঁর পরিবার, দীর্ঘ পাঁচ বছর পর বাড়ি ফিরেছেন। অভিযোগ, ভোটের পর তাঁকে ও তাঁর পরিবারকে মারধোর করা হয়। হরিশ্চন্দ্রপুর হাসপাতাল মোড়ে বাড়ির সামনে তাঁর দোকানে ভাঙচুর ও লুটপাট চালানো হয়েছিল। তৃণমূল কংগ্রেসের অত্যাচারে এতোদিন বাড়ি ফিরতে পারেননি তারা।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনা জেলার বসিরহাট মহকুমার হাড়োয়ায় ঝড় বৃষ্টির কারণে বিজ্ঞাপন হোডিং ভেঙে তিনজন আহত হয়েছেন। একজনের আঘাত গুরুতর। গতকাল বিকেলে হাড়োয়া কেরালা মোড় সংলগ্ন এলাকায় একটি মাছের আড়তে এই দুর্ঘটনা ঘটে। প্রায় তিন থেকে চারটি আড়তের ক্ষতি হয়েছে বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

অনুকূল বায়ুপ্রবাহ ও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় রাজ্যের একাধিক জেলায় আজও ঝড় বৃষ্টির পূর্বাভাস। বয়ে যেতে পারে ঝোড়ো হাওয়া। বাঁকুড়া, দুই বর্ধমান উত্তর ২৪ পরগণা জেলায় আজ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা।

এদিকে, উত্তরবঙ্গের মালদা ও দুই দিনাজপুরে রয়েছে ঝড়ো হাওয়া ও মাঝারি বৃষ্টির সতর্কতা।

০০০০০০০০০০০০০০০০০০০০

গোয়ার মারগাওয়ে গতকাল আইএসএল ফুটবলে মোহনবাগান ও এফ সি গোয়ার মধ্যে খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে। ৫৪ মিনিটে জেমি ম্যাকলারেনের দেওয়া গোলে মোহনবাগান এগিয়ে যায়। ৬৭ মিনিটে এফ সি গোয়ার রনি উইলসনের গোলে সমতা ফেরায়।

আজ কেরলে মহামেডান স্পোর্টিং কেরালা ব্লাস্টার্সের মুখোমুখি হবেন।

মোহনবাগান ১০ ম্যাচে ২১ পয়েন্ট নিয়ে লিগ তালিকার দ্বিতীয় স্থানে রয়েছে। অন্যদিকে এফ সি গোয়া ১২ ম্যাচে ২০ পয়েন্ট পেয়ে চতুর্থ স্থানে রইল। ১০ ম্যাচে ২১ পয়েন্ট সংগ্রহ করে গোল পার্থক্যে এগিয়ে থাকায় ইস্টবেঙ্গল পয়েন্ট তালিকায় শীর্ষে রয়েছে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooo